

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৫৬

وأُبْوَابُ الْوتْر) বিতর (أُبُوَابُ الْوتْر)

পরিচ্ছেদঃ বিতরের পূর্বে নিদ্রা যাওয়া পছন্দনীয় নয়

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ النَّوْمِ قَبْلَ الْوِتْرِ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ زَكَرِيَّا بْنِ أَبِي زَائِدَةَ، عَنْ إِسْرَائِيلَ، عَنْ عِيسَى بْنِ أَبِي عَزَّةَ، عَنِ الشَّعْبِيِّ، عَنْ أَبِي تَوْرٍ الأَزْدِيِّ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ أَمَرَنِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَنْ أُوتِرَ قَبْلَ أَنْ أَنَامَ. قَالَ عِيسَى بْنُ أَبِي عَزَّةَ وَكَانَ الشَّعْبِيُّ يُوتِرُ أَوَّلَ اللّهُ عليه وسلم أَنْ أُوتِرَ قَبْلَ أَنْ أَنَامَ. قَالَ عِيسَى بْنُ أَبِي عَزَّةَ وَكَانَ الشَّعْبِيُّ يُوتِرُ أَوَّلَ اللّهُ عليه وسلم أَنْ أَبِي هُرَيْرَةَ حَدِيثُ اللّهُ عَليه وسلم عَنْ أَبِي هُرَيْرَةَ حَدِيثُ حَسَنٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ. وَأَبُو تَوْرٍ الأَزْدِيُّ اسْمُهُ حَبِيبُ بْنُ أَبِي مُلَيْكَةَ. وَقَد اخْتَارَ قَوْمٌ مِنْ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصِحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَمَنْ بَعْدَهُمْ أَنْ لاَ يَنَامَ الرَّجُلُ حَتَّى يُوتِرَ.

وَرُوِيَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ " مَنْ خَشِيَ مِنْكُمْ أَنْ لاَ يَسْتَيْقِظَ مِنْ آخِرِ اللَّيْلِ فَلْيُوتِرْ مِنْ أَوَّلِهِ وَمَنْ طَمِعَ مِنْكُمْ أَنْ يَقُومَ مِنْ آخِرِ اللَّيْلِ فَلْيُوتِرْ مِنْ آخِرِ اللَّيْلِ فَلْيُوتِرْ مِنْ آخِرِ اللَّيْلِ فَلْيُوتِرْ مِنْ آخِرِ اللَّيْلِ فَلْيُوتِرْ مِنْ آخِرِ اللَّيْلِ مَحْضُورَةٌ وَهِيَ أَفْضَلُ " . حَدَّثَنَا بِذَلِكَ هَنَّادٌ حَدَّثَنَا أَبُو فَإِنَّ قِرَاءَةَ الْقُرْآنِ فِي آخِرِ اللَّيْلِ مَحْضُورَةٌ وَهِيَ أَفْضَلُ " . حَدَّثَنَا بِذَلِكَ هَنَّادٌ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ عَنِ الأَعْمَشِ عَنْ أَبِي سُفْيَانَ عَنْ جَابِرٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم بِذَلِكَ .

বাংলা

৪৫৬. আবৃ কুরায়ব (রহঃ) আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে নিদ্রাগমনের পূর্বে বিতর আদায় করতে নির্দেশ দিয়েছেন। - সহিহ আবু দাউদ ১১৮৭, তিরমিজী হাদিস নম্বরঃ ৪৫৫ [আল মাদানী প্রকাশনী]

ঈসা ইবনু আয়া বলেছেনঃ ইমাম শা'বী রাতের প্রথমভাগেই বিতর আদায় করতেন। পরে শুতে যেতেন। এই বিষয়ে আবৃ যর আল-গিফারী রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি এই সনদে হাসান-গারীব। রা'বী আবৃ সাওর আল-আফ্টা-



এর নাম হ'ল হাবীব ইবনু আবী মুলায়কা। কতক সাহাবী ও পরবর্তী যুগের আলিম বিতর আদায় না করে নিদ্রা গমন করা পছন্দ করতেন না। নবী সাল্লাল্লাভ্ন আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে যে, তিনি ইরশাদ করেছেনঃ কারো যদি আশংকা হয় যে, সে শেষরাতে জাগ্রত হতে পারবে না, তবে সে যেন রাতের প্রথমদিকেই বিতর আদায় করে নেয়। আর শেষরাতে সালাতে দাঁড়ানোর যদি কারো বাসনা থাকে, তবে তা তখন আদায় করাই আফযাল। কারণ শেষরাতের কুরআন তিলাওয়াতে রহমতের ফেরেশতারা হাযির হন। হান্নাদ (রহঃ) জাবির রাদিয়াল্লাভ্ন আনহু সূত্রে নবী সাল্লাল্লাভ্ন আলাইহি ওয়াসাল্লাম থেকে উপরোক্ত হাদীসটি বর্ণিত হয়েছে। - ইবনু মাজাহ ১১৮৭, মুসলিম।

English

Abu Hurairah narrated:

"Allah's Messenger ordered me to perform Al-Witr before sleeping."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন